



## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) দেশের সকল বিশ্ববিদ্যালয় এবং সমমানের প্রতিষ্ঠানসমূহকে ২০২৩ সালের এইচ এস সি এবং সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য অতি সঙ্কর মাউশি এর MIS Software এ এন্ট্রি প্রদানের জন্য অনুরোধ করেছে। এমতাবস্থায়, ২৩ ব্যাচের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ১৬/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে Student Email দিয়ে Log In করে <https://forms.gle/woJV3sqh27oYggGi7> লিংকে প্রবেশ করে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ফরমটি পূরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, অন্যান্য ব্যাচের যে সমস্ত শিক্ষার্থী বিগত শিক্ষাবর্ষে গুণল ফরম পূরণ না করার কারণে বৃত্তির অর্থ এখনো বুঝে পায়নি তাদেরকেও অবিলম্বে উপরোক্ত লিংকের ফরমটি পূরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এছাড়া ২৩ ব্যাচ ব্যতীত অন্যান্য ব্যাচসমূহের বৃত্তিপ্রাপ্তদের মধ্যে যারা ভুল তথ্য প্রদানের কারণে বৃত্তির অর্থ প্রাপ্ত হয়নি তাদের জরুরী ভিত্তিতে এইচ এস সি/আলিম রেজিস্ট্রেশন কার্ড এবং ব্যাংক স্টেটমেন্ট নিয়ে একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখায় যোগাযোগের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

### ফরম পূরণের জন্য প্রয়োজনীয় নির্দেশনাবলী

১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে। অভিভাবক বা অন্য কারো নামের ব্যাংক হিসাব গ্রহণযোগ্য নয়।
২. যৌথ নামের ব্যাংক হিসাবের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজের নাম এবং অভিভাবকের নাম গ্রহণযোগ্য।
৩. ফরমে প্রদানকৃত শিক্ষার্থীদের নামের বানান, হিসাবধারীর নামের বানান অবশ্যই বৃত্তির গেজেটের নামের বানানের অনুরূপ হতে হবে। বৃত্তির গেজেটে নামের বানানে হাইফেন থাকলে হিসাবধারীর নামের বানানে সেই জায়গায় Single Space দিতে হবে। যৌথ নামের ব্যাংক হিসাবের ক্ষেত্রে ফরম পূরণের সময় হিসাবধারীর নামে প্রথমে শিক্ষার্থীর নাম এরপর and এবং তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম লিখতে হবে।
৪. শিক্ষার্থীর নাম এবং ব্যাংক হিসাবধারীর নাম অভিন্ন হতে হবে।
৫. ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
৬. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নাম্বার এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
৭. ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে, সচল না থাকলে টাকা হিসাবে প্রবেশ করবে না। (উল্লেখ্য, ব্যাংক হিসাবে ০৬ মাস লেনদেন বন্ধ থাকলে ব্যাংক হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে Inactive হয়ে যায়।)
৮. বৃত্তির ক্যাটাগরী (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
৯. শিক্ষার্থীর পরীক্ষার নাম, পরীক্ষাউ উত্তীর্ণের সন, এইচ এস সি/আলিম রেজিস্ট্রেশন নাম্বার ও প্রাপ্ত GPA সঠিকভাবে পূরণ করতে হবে।
১০. ব্যাংক স্টেটমেন্ট এর স্ক্যানড কপি আপলোড করতে হবে। (ব্যাংক স্টেটমেন্ট ফাইল এর নামকরণের ফরম্যাটঃ Student ID\_st.pdf)।

(বিঃ দ্রঃ যথাসময়ে ফরম পূরণে ব্যর্থ হলে অথবা উপরোল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণ না করে ফরম পূরণ করলে বৃত্তির অর্থ ব্যাংক হিসাবে পৌঁছাবে না। ফরম পূরণ এবং বোর্ড বৃত্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩২১৪৮ মোবাইল নাম্বারে অথবা একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখায় সশরীরে যোগাযোগ করা যাবে।)

### বৃত্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) এই বৃত্তির অর্থ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাংক হিসাবে প্রেরণ করে না। অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়ে থাকে। সে লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শুধুমাত্র বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের MIS সফটওয়্যারে এন্ট্রি প্রদান করে থাকে। সে ভিত্তিতেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বৃত্তির অর্থ সরাসরি শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণ করে থাকে। সেক্ষেত্রে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীবৃন্দকে সতর্কতার সাথে নির্ভুল তথ্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হল। নচেৎ বৃত্তির অর্থ প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হতে পারে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

//স্বাক্ষরিত//

(মোহাম্মদ রফিকুল ইসলাম)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখা

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তারিখ: ০৭/১১/২০২৪ খ্রি.।

স্মারক নং-চুয়েট/একা-২৪/৪৬২ (০৩)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

১. পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
২. পিও টু রেজিস্ট্রার, চুয়েট। (রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৩. সংরক্ষণ নথি।

//স্বাক্ষরিত//

(শামীম মাহমুদ)

প্রোগ্রামার

একাডেমিক ও ছাত্র বৃত্তি শাখা

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়